

প্রথম আলো

সোমবার, ৩০ জুলাই ২০১২



নিজের তৈরি ফেনায়ুক্ত বাসায় ডিম পাড়ছে বিরল প্রজাতির ব্যাঙ মাউন্টেন চিকেন। সাধারণত এদের ক্যারিবীয় গ্রীষ্মপ্রধান এলাকায় পাওয়া যায় ● বিবিসি

‘মাউন্টেন চিকেন’ বিলুপ্তি থেকে রক্ষায় সাফল্য

ছত্রাকজনিত এক ধরনের রোগে আক্রান্ত হয়ে ক্যারিবীয় গ্রীষ্মপ্রধান এলাকায় বসবাসকারী বিরল প্রজাতির ব্যাঙ ‘মাউন্টেন চিকেন’ প্রায় বিলুপ্ত হতে যাচ্ছিল। তবে ইউরোপে নিয়ে যাওয়ার পর ওই ব্যাঙের প্রজনন-হার ব্যাপক বেড়েছে। দুটি স্ত্রী ‘মাউন্টেন চিকেন’ সেখানে ৭৬টি ব্যাঙাচি জন্ম দিয়েছে। প্রজাতিটিকে বিলুপ্তি থেকে রক্ষায় এটি বড় এক সাফল্য বলে বিজ্ঞানীরা মনে করছেন।

বড় আকৃতির এই ব্যাঙ প্রজাতি সংরক্ষণের নেতৃত্বে রয়েছে যুক্তরাজ্যের লন্ডনের জুলজিক্যাল সোসাইটি (জেডএসএল) এবং জার্সির ডারেল বন্য প্রাণী সংরক্ষণ ট্রাস্ট (ডিডরিউসিটি)। জেডএসএলের প্রাণিবিজ্ঞানী ইয়ান স্টিফেন বলেন, ক্যারিবীয় অঞ্চলের মন্টসেরাট দ্বীপ থেকে মোট ৫০টি ‘মাউন্টেন চিকেন’ ইউরোপের নিরাপদ আশ্রয়ে নেওয়া হয়। দীর্ঘ ও ঝুঁকিপূর্ণ এই যাত্রার ধকল কমাতে

ব্যাঙগুলোকে তাপমাত্রা-নিয়ন্ত্রিত বাস্তু ভরে স্থানান্তর করা হয়। কাজটি বেশ কঠিন ছিল। এরপর তিনটি পৃথক শ্রেণীতে ব্যাঙগুলোকে যুক্তরাজ্যের জেডএসএল চিড়িয়াখানা ও ডিডরিউসিটি এবং সুইডেনের পার্কেন চিড়িয়াখানায় রাখা হয়।

স্ত্রী ‘মাউন্টেন চিকেন’ আঠালো এক ধরনের বাসা তৈরি করে সেখানে ডিম পাড়ে। এরপর ডিম ফুটে বের হওয়া ব্যাঙাচিকে ঠিকমতো খাওয়াতে হয়। নবজাতক ৭৬টি ব্যাঙাচির বেশির ভাগই পূর্ণ বয়স পর্যন্ত বেঁচে থাকবে বলে আশাবাদী স্টিফেন বলেন, প্রজাতিটির রোগমুক্তির নতুন কোনো উপায় খুঁজে বের করার চেষ্টা চলছে। রোগের আক্রমণে পুরো প্রজাতি বিলুপ্ত হয়ে যাওয়ার বিষয়টি বেশ গুরুত্বপূর্ণ। ছত্রাক ছাড়াও মন্টসেরাটে শিকারীদের হামলা ও আগ্নেয়গিরি ছিল প্রজাতিটির জন্য হুমকি। বিবিসি।